সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
- নথি

ডাইরি নং.....................
তারিখ.....................
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে অনলাইনে (জুম অ্যাপস) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ ও সময় | : | ০২ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ, সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ভার্চুয়াল প্লাটফর্ম (জুম) |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্টের সকল শহিদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)কে আহবান জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভা আহবানের প্রেক্ষাপট তুলে ধরে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এ বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচি চূড়ান্তকরণ ও বাস্তবায়নের উপর আলোচনার সূত্রপাত করেন এবং যুগ্মসচিব (প্রশাসন)কে জাতীয় কর্মসূচির আলোকে এ বিভাগ কর্তৃক শোক দিবসের কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে কার্যপত্র অনুযায়ী আলোচ্যসূচি উপস্থাপনের জন্য আহবান জানান।

০২. সভায় যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, গত ০৫-০৭-২০২১ তারিখ মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ছায়ালিপি গত ১৮-০৭-২০২১ তারিখে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়েছে। এছাড়া গত ১৮-০৭-২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি হতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে সরকারি/অন্যান্য কর্মসূচি প্রতিপালনের পাশাপাশি সকল সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ভবনে প্রেরিত নমুনা অনুযায়ী ড্রপডাউন ব্যানার ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। উক্ত পত্রের ছায়ালিপি গত ২৫-০৭-২০২১ তারিখে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি হতে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে অদ্যকার সভার আলোচ্যসূচি গ্রহণ করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা অনুযায়ী এ বিভাগ কর্তৃক ড্রপডাউন ব্যনার ও র‍্যালী ব্যানার এর নমুনা প্রস্তুত করা হয়েছে, যা সভায় উপস্থাপন করা হয়।

০৩. সভায় অনলাইনে সংযুক্ত সংস্থার প্রতিনিধিগণ জানান যে, প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশনাসমূহ ইতিমধ্যে বাস্তবায়নের কার্যক্রম শুরু করা হয়েছে এবং পরবর্তী যে কোন সিদ্ধান্ত গৃহীত হলে তা বাস্তবায়নে সকলে সচেষ্ট থাকবে। সভাপতি জানান বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস পালন করতে হবে। তিনি জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য গুরুত্বারোপ করেন। জাতীয় কমিটির সাথে আলোচনা করত: বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের প্রকৃত সময় নির্ধারণ এবং কতজন কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থাকতে পারবেন সে বিষয়টি জানার জন্য সভাপতি যুগ্মসচিব (প্রশাসন)কে পরামর্শ দেন। এছাড়াও তিনি বলেন যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন ফ্লাইওভার, ফুটওভার ব্রীজ ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের ড্রপডাউন ব্যানার স্থাপন এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার বিভাগ/জেলা পর্যায়ের অফিসসমূহ কর্তৃক জাতীয় শোক দিবসের কর্মসূচি পালন করতে হবে এবং প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে স্থানীয় কর্মকর্তাগণের আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিত করার জন্য সভাপতি সংস্থা প্রধানগণ'কে নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় সর্বসম্মতভাবে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহন করা হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | ১৫ আগস্ট ২০২১ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানী এবং উহার আওতাধীন সকল অফিসে বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে অর্ধনমিতভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সাথে সাথে পতাকা নামিয়ে ফেলতে হবে। | সকল সংস্থা |
| ২. | আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখে ধানমন্ডির ৩২ নম্বর সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিবগণ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানীর প্রধানগণের উপস্থিতিতে সচিব মহোদয়ের নেতৃত্বে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সকল সংস্থা |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৩. | এ বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানীর প্রধানগণ সকাল ৭.৩০ ঘটিকায় রাসেল স্কয়ারে লাজ ফার্মার সামনে উপস্থিত থাকবেন। পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে ৮'x৩' সাইজের ব্যানার ও ৩২" সাইজের রাউন্ড পুষ্পস্তবক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রস্তুত করা হবে এবং স্বাস্থ্যবিধি মেনে সম্মিলিতভাবে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সকল সংস্থা |
| ৪. | এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার সকল গ্রেডের কর্মচারীদের মাসব্যাপী কালো ব্যাজ ধারণ করতে হবে। কালো ব্যাজ স্ব স্ব অফিস/সংস্থা সরবরাহ করবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সকল সংস্থা |
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নির্দেশনা অনুযায়ী এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানী এবং তাদের আওতাধীন সকল অফিস ভবনে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে নমুনা মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) লাগাতে হবে। সড়ক ও জনপথ অধিদপ্তরের বিভিন্ন ফ্লাইওভার, ফুটওভার ব্রীজ ও গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহে ড্রপডাউন ব্যানার স্থাপন করতে হবে। এছাড়া এ বিভাগের উদ্যোগে ৭নং ভবনের উত্তর ও দক্ষিণ পাশে ০২টি ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) লাগানো হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সকল সংস্থা |
| ৬. | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানীর প্রধান কার্যালয় ও তাদের আওতাধীন বিভাগ/জেলা কার্যালয়ের উদ্যোগে ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার বাদ যোহর/আছর বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে। এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানীর প্রধান কার্যালয় আয়োজিত দোয়া মাহফিলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল মালেক-সড়ক ও জনপথ অধিদপ্তরে, অতিরিক্ত সচিব মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী-বিআরটিসি, অতিরিক্ত সচিব জনাব নীলিমা আখতার-ডিএমটিসিএল, অতিরিক্ত সচিব মোঃ ইউসুব আলী মোল্লা-বিআরটিএ এবং অতিরিক্ত সচিব মোঃ জাকির হোসেন-ডিটিসিএ তে অংশগ্রহণ করবেন। সভাপতি নিজেও যে কোন একটি সংস্থার দোয়া মাহফিলে অংশগ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন। | সকল সংস্থা |
| ৭. | ১৫ আগস্ট ২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করা হবে। আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানী ১৫ আগস্ট অথবা সুবিধাজনক অন্য কোন তারিখে আলোচনা সভার আয়োজন করবে। ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে আলোচনা সভার আয়োজন করতে হবে এবং সভার সময়সূচি সভা অনুষ্ঠানের পূর্বেই এ বিভাগকে অবহিত করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সকল সংস্থা |
| ৮. | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার বিভাগ/জেলা পর্যায়ের অফিসসমূহ কর্তৃক জাতীয় শোক দিবসের কর্মসূচি পালন করতে হবে এবং প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে সংস্থার স্থানীয় কর্মকর্তাগণ'কে আবশ্যিকভাবে উপস্থিত থাকার বিষয়টি সংস্থা প্রধানগণ নিশ্চিত করবেন। বিভাগ/জেলা পর্যায়ের অফিসসমূহে কর্মসূচি পালন এবং উপস্থিতির বিষয়ে সংস্থা প্রধানগণ পত্রের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন। | সকল সংস্থা |

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৩/৮/২০২১
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০১.১৮-৭৫৬

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৮ / ০৩ আগস্ট ২০২১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৫. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
০৬. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
০৭. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
০৮. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৯. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১১. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১২. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. সিনিয়র তথ্য অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

০৩/০৮/২০২১

(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪১২৮, ফ্যাক্স: ৯৫৮৫১৩৮
ই-মেইল: sasadmin@rthd.gov.bd